**Project Fact Sheet**
**Project/ Core Funds**

| | |
|---|---|
| **Name of the Project:** | |
| **Funded by:** | |
| **Project Duration:** | From To |
| **Reporting Period:** | 1st January 2022-31 December 2022 |

**Executive Summary (maximum in two-three para only highlighting results):**

'নারীরাই ক্ষুধামুক্তির মূল চাবিকাঠি' এ বিশ্বাসে বলীয়ান হয়ে তৃণমূল পর্যায়ে নারীদের রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতায়নসহ নারীর প্রতি সহিংসতা ও বৈষম্য দূর করার প্রত্যয়ে সম্পূর্ণ স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করছেন 'বিকশিত নারী নেটওয়ার্ক' এর সদস্যবৃন্দ। টেকসই লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ২০২২ সালে নারীনেত্রীগণ সার্বিকভাবে পরিকল্পনা মাফিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

অত্যাবশ্যকীয় পুষ্টি, স্বাস্থ্যবার্তা ও প্রজনন স্বাস্থ্যে নারীর অধিকার বিষয়ে তারা ৭৬৪টি উঠান বৈঠকের মাধ্যমে প্রায় ১৩ হাজার নারী ও পুরুষকে সচেতন করেছেন। নারী নেতৃত্ব বিকাশ শীর্ষক ফাউন্ডেশন কোর্সে অংশগ্রহণের মধ্য দিয়ে ২২৭জন নারীনেত্রী এই নেটওয়ার্কের সাথে নুতনভাবে যুক্ত হয়েছেন।

সমগ্র দেশে প্রায় ৯৭০১জন নারীনেত্রীর দৃঢ়তাপূর্ণ নেতৃত্বে ১৭৫টি কিশোরী শিশুবিবাহ থেকে রক্ষা পেয়েছে। ১৯৯ জন নারীর বিবাহ যৌতুকমুক্ত করা সম্ভব হয়েছে। নিরাপদ প্রসব নিশ্চিত করার লক্ষ্যে এই সকল নারীনেত্রী প্রায় ৩ হাজার গর্ভবতী মায়ের টিকা, ওজন এবং স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করেছে।

'একতাই শক্তি, সংগঠনেই মুক্তি' এই ধারণার ভিত্তিতে তৃণমূল পর্যায়ে নিজেদের উদ্যোগে নারীনেত্রীরা ক্ষুদ্র সংগঠন গড়ে তুলেছেন। ৬৬৭ জন নারীনেত্রী এই সকল সংগঠনের সাথে যুক্ত হয়েছেন। অর্থনৈতিক সক্ষমতা অর্জনের লক্ষ্যে ৮৭৭ জন নারী আয়বৃদ্ধিমূলক উদ্যোগ গ্রহণ করেছেন। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবিলায় নারীনেত্রীবৃন্দ বসতভিটার আশে-পাশে প্রায় ১২ হাজার বৃক্ষরোপন করেছেন।

আত্মশক্তিতে বলীয়ান এই সকল নারীনেত্রী বিশ্বাস করেন যে, আত্মজিজ্ঞাসা ও আত্মোপলব্ধির মাধ্যমে গৃহীত তাদের প্রতিটি পদক্ষেপ সমাজে বিরাজমান লিঙ্গ বৈষম্য দূরীকরণে শুধু ভূমিকাই রাখবে না, বরং নারীর আত্মমর্যাদা প্রতিষ্ঠা ও আত্মনির্ভরশীলতা অর্জনেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

**Project Description (Including goal, objective, and working areas): (max 200 wards)**

বিকশিত নারী নেটওয়ার্কের লক্ষ্য:

"বিকশিত নারী নেটওয়ার্ক"-এর মূল লক্ষ্য হলো, নারী পুরুষের সমতা অর্জনের মাধ্যমে ক্ষুধা-দারিদ্র্যমুক্ত, আত্মনির্ভরশীল বাংলাদেশ সৃষ্টিতে নারী নেতৃত্ব গড়ে তোলার লক্ষ্যে একদল নারীকে সংগঠিত, ক্ষমতায়িত ও অনুপ্রাণিত করা।

উদ্দেশ্য:

নেটওয়ার্কটি হলো এমন একটি প্লাটফর্ম, যার মাধ্যমে তৃণমূলের নারীদের নেতৃত্ব বিকাশের সুযোগ সৃষ্টি করা, সারাদেশে নারী নেত্রীদের সংখ্যা বৃদ্ধি করা, রাষ্ট্রের সর্বস্তরে নারী নেতৃত্ব প্রতিষ্ঠার আন্দোলনকে সমর্থন ও জোরদার করা, নারী পুরুষের মধ্যে বিদ্যমান বৈষম্যের অবসান ঘটানো, পারিবারিক নির্যাতন প্রতিরোধসহ নারীর প্রতি সকল সহিংসতার বিরুদ্ধে রুখে দাঁড়ানো এবং সর্বোচ্চ প্রতিরোধ গড়ে তোলা। এছাড়া নারীর ক্ষমতায়নকে অগ্রাধিকার দিয়ে স্থানীয় পর্যায়ে গণজাগরণ সৃষ্টির মাধ্যমে এসডিজি (স্যাসটেনেবল ডেভেলপমেন্ট গোল) বা "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা" অর্জন করা।

সাংগঠনিক কাঠামো ও কর্মএলাকা

- ইউনিয়ন কমিটি - ১৯৩টি
- উপজেলা কমিটি - ৪৮টি
- জেলা কমিটি - ৪৪টি
- জাতীয় কমিটি - ০১টি
- কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি - ০১টি
- নেটওয়ার্কে মোট নারীনেত্রীর সংখ্যা ৫৮৬৬ জন

**Key project results compared to targeted output/outcome/ indicators/ results (attach photos)**

## আউটপুট

| **প্রশিক্ষণ** | | | |
|---|---|---|---|
| প্রশিক্ষণের ধরন | অঞ্চল | ব্যাচ | নারীনেত্রীর সংখ্যা |

| | | | |
|---|---|---|---|
| নারী নেতৃত্ব বিকাশ শীর্ষক ফাউন্ডেশন কোর্স | ০২টি | ০৮টি | ২২৭ জন |
| ইস্যুভিত্তিক মাসিক ফলোআপ প্রশিক্ষণ | ১০টি | ২২৭টি | ৩০৪০ জন |

| উঠান বৈঠক | | | | |
|---|---|---|---|---|
| উঠান বৈঠকের বিষয় | সংখ্যা (টি) | উপস্থিত নারীর সংখ্যা (জন) | উপস্থিত পুরুষ সংখ্যা (জন) | মোট উপস্থিতি (জন) |
| অত্যাবশ্যকীয় পুষ্টি ও স্বাস্থ্যবার্তা | ২৪২ | ৩৭৬৪ | ১৬৬ | ৩৯৩০ |
| যৌন ও প্রজনন স্বাস্থ্যে নারীর অধিকার | ৫২২ | ৭৮৪৪ | ১২৬৩ | ৯১০৭ |
| মোট- | ৭৬৪ | ১১৬০৮ | ১৪২৯ | ১৩০৩৭ |

| সামাজিক উদ্যোগসমূহ | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ইস্যুভিত্তিক কার্যক্রম | প্রচারাভিযান | কর্মশালা | আলোচনা সভা | উঠান বৈঠক | মোট কার্যক্রম | অংশগ্রহণকারী |
| বাল্যবিবাহ | ৩৬ | - | - | ১৪০৭ | ১৪৪৩ | ২৪৪৪৫ |
| যৌতুক | ৩৩ | - | - | ৭৪১ | ৭৭৪ | ১৪৫৪৪ |
| বিবাহ নিবন্ধন | ৯ | - | - | ৩৫০ | ৩৫৯ | ৬৪২১ |
| জন্মনিবন্ধন | ২৫ | - | - | ৭৭৬ | ৮০১ | ১৩৬৭৪ |
| নারী নির্যাতন ও যৌনহয়রানী বিষয়ক | ১৬ | - | - | ৬৪০ | ৬৫৬ | ১০৫৩০ |
| গর্ভবতী মায়ের যত্ন ও নিরাপদ মাতৃত্ব | - | - | - | ১৬৩৩ | ১৬৩৩ | ৪৪১১২ |
| প্রাথমিক বিদ্যালয় ও ঝরেপড়া শিশুদের ভর্তি | ৬৪ | - | ৭ | ৭৬২ | ৮৩৩ | ১৫৩৮৭ |
| বয়স্ক শিক্ষা | - | - | ১৯৬ | - | ১৯৬ | ৩৬৩২ |
| হাতধোয়া ও স্বাস্থ্যকর পরিচর্যা এবং স্যানিটশন ও নিরাপদ পানি | ১২ | - | - | ৩১৮ | ৩৩০ | ৫৪৪০ |
| পরিবেশ/বৃক্ষরোপণ | ৪৮৬ | - | - | - | ৪৮৬ | ১৭৯২৬ |
| পারসভা | - | - | ২১ | - | ২১ | ২৯১ |
| ইউনিয়ন পরিষদের পরিকল্পনা | - | - | ৪০৬ | - | ৪০৬ | ৫৮০৯ |
| ভিসিএ কর্মশালা | - | ৫ | - | - | ৫ | ৯২ |
| সামাজিক ও শান্তিসম্প্রীতি | - | - | ৬ | - | ৬ | ৮১ |
| স্বাবলম্বি দল | - | - | ১২ | - | ১২ | ২৬৯ |
| কমিউনিটি ক্লিনিক ম্যানেজমেন্ট কমিটি মিটিং | ৪৩ | ৪৩ | - | - | ৪৩ | ১০৫২ |
| মেয়েদের জন্য নিরাপদ স্কুল | - | ১৬৯ | - | - | ১৬৯ | ২৫৬৯ |
| গ্রাম উন্নয়ন দল | - | - | ১৩ | - | ১৩ | ১৯৪ |
| তথ্য অধিকার বিষয়ক | - | ৪১ | - | - | ৪১ | ৫৯২ |
| ওপেন লার্নিং সেসন | - | - | - | ৮৬ | ৮৬ | ১২৬৩ |
| মোট | ৭২৪ | ২৫৮ | ৬৬১ | ৬৭১৩ | ৮৩১৩ | ১৬৮৩২৩ |

**আউটকাম**

| কর্মসূচি | সংখ্যা | কর্মসূচি | নারী (জন) | পুরুষ (জন) |
|---|---|---|---|---|
| বাল্যবিবাহ বন্ধ | ১৭৫ | শিশু টিকা | ২০৪৯ | ১৯১৯ |
| যৌতুক প্রতিরোধ | ১৯৯ | জন্মনিবন্ধন | ২০৩২ | ১৭৬৩ |
| নারী নির্যাতন প্রতিরোধ | ১২৬ | প্রাথমিক স্কুলে ভর্তি | ১১৫৫ | ১০২৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| বিবাহ নিবন্ধন | ৬৫ | ঝড়ে পড়া শিশু স্কুলে ভর্তি | ৯১৯ | ৮৫১ |
| নিরাপদ প্রসব | ৪৪৪ | বয়স্ক শিক্ষা | ৩৪২ | ১৮৮ |
| গর্ভবতী মায়ের টিকা | ২২৮৯ | গর্ভবতী মা ও শিশুর পুষ্টি | ২৭৪১ | ৮৭ |
| গর্ভবতী মায়ের ওজন | ২০১৮ | নবজাতক শিশুর ওজন | ১৩৬ | ৬৭ |
| গর্ভবতী মায়ের স্বাস্থ্য পরীক্ষা | ১৫৩২ | আয় বৃদ্ধিমূলক কর্মসূচি | ৮৭৭ | ৬০৮ |
| স্বাস্থ্য সম্মত পায়খানা | ৪২২ | সংগঠন | ৬৬৭ | ১১৫ |
| টিউবওয়েল স্থাপন | ৭৯ | দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (৭৭টি প্রশিক্ষণ) | ২২৭ | ১০১ |
| আর্সেনিক পরীক্ষা | ৫০৯০ | জৈবসার কূপের সংখ্যা | ১৭১টি | |
| বৃক্ষরোপন | ১১৮৮৮ | স্যানিটেশন ও নিরাপদ পানির ব্যবহার | ২২৭টি পরিবার | |

**Key challenges the project faced and how did mitigate:**

- সকল অঞ্চলে ইস্যুভিত্তিক মাসিক ফলোআপ প্রশিক্ষণসহ নারীনেত্রীদের সকল পর্যায়ের কমিটির সভা অনিয়মিত হওয়া। তবে, যে সকল প্রকল্পে আর্থিক বরাদ্দ রয়েছে, প্রকল্পকালীন সেই সকল অঞ্চলে নারীনেত্রীদের ফলোআপ সভা নিয়মিত আয়োজনের চেষ্টা করা হয়।
- সকল পর্যায়ে নারীনেত্রীদের সাথে নিয়মিত যোগাযোগ না থাকায় এমআইএস-এ নারীনেত্রীদের বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের তথ্য এন্ট্রি না করার কারণে যথাযথ আউটকাম রিপোর্ট আপডেট করা যায় না। তবে, বিভিন্ন প্রয়োজনের সময় (যেমন, অনলাইন সভা, দিবস উদ্‌যাপন ইত্যাদি ক্ষেত্রে) বিচ্ছিন্ন ও বিক্ষিপ্তভাবে নারীনেত্রীদের সাথে যোগাযোগ করা হয় এবং তাদের তথ্য এমআইএস-এ হালনাগাদ করা হয়।

**Key learning:**

- নারীনেত্রীরা সরকারি সেবাসমূহ প্রাপ্তির ক্ষেত্রে ভূমিকা পালন করছেন; যেমন, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, মাতৃত্বকালীন ভাতা, প্রতিবন্ধী ভাতা ইত্যাদি।
- স্থানীয় সরকার, বিশেষ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদের সাথে নারীনেত্রীদের সম্পৃক্ততা বেড়েছে। স্থানীয় সরকার নির্বাচনে নারীনেত্রীগণ অংশগ্রহণ করছেন এবং নির্বাচিত হচ্ছেন।
- গৃহকর্মে নিয়োজিত নারীরাও এখন নানারকম আত্মকর্মসংস্থান ও আয়বৃদ্ধিমূলক কাজে নিয়োজিত হচ্ছেন।

**Any recommendations:**

- ইস্যুভিত্তিক মাসিক ফলোআপ প্রশিক্ষণে সহায়কবৃন্দের দক্ষতাবৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন করা।
- বিকশিত নারী নেটওয়ার্কের গঠনতন্ত্র অনুযায়ী সকল পর্যায়ের কমিটি রিভিউ করাসহ সকল কমিটির সভা নিয়মিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
- এমআইএস-এ নিয়মিত নারীনেত্রীদের ডাটা/তথ্য নিয়মিত এন্ট্রি দেয়া ও আপডেট করা।

প্রতিবেদন প্রস্তুতকারী

শাহীনা আক্তার

বিকশিত নারী নেটওয়ার্ক